

# কালের কণ্ঠ

আপডেট : ২৯ আগস্ট, ২০১৭ ১৬:১৭

## বিনা মূল্যে আইটি প্রশিক্ষণ পাবে ৯৫০ জন

স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রগ্রামের (সেপ) আওতায় বিনা মূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে। শুধু ঢাকা বিভাগে এই প্রশিক্ষণ দেওয়া হবে। বিস্তারিত জানাচ্ছেন ফরহাদ হোসেন



স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রগ্রাম (সেপ) প্রকল্পের আওতায় বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ট্রেনিং প্রগ্রাম (এনআইটিটিপ) ২০১৭-১৮ অর্থবছরে মোট ৯৫০ জনকে আইটি বিষয়ে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে। শুধু ঢাকা বিভাগে এই প্রশিক্ষণ দেওয়া হবে।

### প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ

স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রগ্রাম (সেপ) প্রকল্পের প্রশিক্ষণ কোর্স সমন্বয়কারী মো. রিয়াদ হোসেন জানান, প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল) এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট—এ তিনটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল)—এ দুটি বিষয়ের মেয়াদ তিন মাস এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট বিষয়ে কোর্সের মেয়াদ ছয় মাস।

### আবেদনের যোগ্যতা

ভর্তির যোগ্যতা এইচএসসি। প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল)—এ দুটি বিষয়ের জন্য প্রার্থীর বয়স থাকতে হবে ২০-৪৫-এর মধ্যে। ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্টের জন্য বয়স ১৮-৪৫ বছর। ভর্তিতে অগ্রাধিকার পাবেন মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীরা, সুবিধাবঞ্চিত, নারী,

উপজাতি ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীরা। কম্পিউটার বিষয়ে বেসিক জ্ঞান এবং ইংরেজি সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে। ভর্তির সময় জমা দিতে হবে শিক্ষাগত যোগ্যতার সনদ বা নম্বরপত্রের ফটোকপি এবং তিন কপি পাসপোর্ট আকারের ছবি।

### আবেদন ও বাছাই প্রক্রিয়া

এনআইইটির জনসংযোগ কর্মকর্তা নাহিদ হাসান জানান, নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম পাওয়া যাবে ওয়েবসাইটে। অনলাইনেও আবেদন পূরণ ও সাবমিট করা যাবে। এ ছাড়া আবেদন ফরম সংগ্রহ করা যাবে এনআইইটি অফিস থেকেও। ফরম পূরণ করে জমা দেওয়া যাবে এনআইইটিসহ সংশ্লিষ্ট অফিসে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় কম্পিউটার বেসিক বিষয়ে প্রশ্ন করা হবে। মৌখিক পরীক্ষায় প্রার্থীর কম্পিউটার বিষয়ে প্রাথমিক ধারণাসহ অন্যান্য দিক এবং ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার চালনায় অভিজ্ঞতা কতটুকু আছে, তা দেখে প্রার্থী বাছাই করা হবে। এ ছাড়া প্রার্থী বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞানের পরিধি ইত্যাদি বিষয় বিবেচনায় নেওয়া হবে। নিয়মিত অধ্যয়নরতরা আবেদন করতে পারবেন না। প্রতি তিন মাস পর পর শুরু হবে নতুন ব্যাচ। তিন বিষয়েই প্রতি ব্যাচে নেওয়া হবে ২৫ জন করে।

### মিলবে ভাতা, আবাসন ও চাকরি

নাহিদ হাসান জানান, প্রশিক্ষণের জন্য কোনো ফি গুনতে হবে না; বরং প্রশিক্ষণ শেষে পাওয়া যাবে ভাতা। সাধারণ কোটার প্রার্থীরা কোর্স শেষে ৩০০০ টাকা ভাতা হিসেবে পাবে। তবে মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী ও আদিবাসী প্রশিক্ষণার্থী—সব মিলে ৭০০০ টাকা ভাতা পাবে। এ ছাড়া প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল)—এ দুটি বিষয়ের প্রশিক্ষণার্থীরা পাবেন বিনা মূল্যে আবাসন সুবিধা। এ দুই কোর্সের প্রশিক্ষণার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেওয়া হবে বাংলাদেশ ব্যাংক ও এনআইইটির সনদ। সফলভাবে কোর্স শেষ করতে পারলেই মিলবে চাকরি।

নাহিদ হাসান বলেন, আইটি খাতে প্রচুর দক্ষ জনবলের চাহিদা রয়েছে। আমাদের এ প্রশিক্ষণ শেষে দক্ষরা নিজেসাই ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে আয় করতে পারবে। এ ছাড়া আইটি খাতে অনেক চাকরির সুযোগ রয়েছে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে। প্রশিক্ষণ শেষে আইটি বিষয়ে চাকরি পেতেও সহায়তা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। উদ্যোক্তা হতে চাইলে ঋণপ্রাপ্তিতেও সহায়তা করা হবে।

### ভর্তি তথ্য পাবেন যেখানে

বিভিন্ন সময় পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রার্থী খোঁজা হবে। তাই নিয়মিত চোখ রাখতে হবে পত্রিকায়। ওয়েবসাইটেও পেতে পারেন আবেদনের ফরমসহ দরকারি সব তথ্য। এ ছাড়া যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে এনআইইটির শাখা অফিসে। ঢাকা ক্যাম্পাস : ৬৯/ই গ্রীন রোড, পান্থপথ, ঢাকা, মোবাইল ০১৮৪১৫৫১১৬৬ এবং ৭৪ বা/এ, ওয়্যারলেস গেট, মহাখালী, ঢাকা-১২১৩। মোবাইল : ০১৯৭১০০৭৭৭৭। নারায়ণগঞ্জ ক্যাম্পাস : রূপসী বাসস্ট্যান্ড, নারায়ণগঞ্জ। মোবাইল : ০১৭৩১০০৬৯৮

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২,

৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com